কালের কণ্ঠ

তারিখ ... 3 ...
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 2 ...

## চাঁদপুরের ঘটনায় থানায় মামলা, শিক্ষা মন্ত্রণালয়ের তদন্ত কমিটি

# এবার মানবসেতুতে হাঁটার ঘটনা মনোহরদী আর মেলান্দহে

নিজস্ব প্রতিবেদক, নরসিংদী, চাঁদপুর ও জামালপুর প্রতিনিধি ▷

চাঁদপুরের হাইমচর উপজেলা চেয়ারম্যান শিক্ষার্থীদের পিঠের (মানবসেতু) ওপর দিয়ে হেঁটে যাওয়ার ঘটনায় দেশজুড়ে যখন তুমুল আলোচনা-সমালোচনা হচ্ছে ঠিক তখন নরসিংদী ও জামালপুরে একই ধরনের ঘটনার খবর পাওয়া গেছে। এ ধরনের ঘটনা খতিয়ে দেখতে গতকাল বৃহস্পতিবার একটি তদন্ত কমিটি গঠন করেছে শিক্ষা মন্ত্রণালয়।

নরসিংদীর মনোহরদীতে উপজেলা নির্বাহী কর্মকর্তা শহিদ উল্লাহ মানবসেতুর ওপর দিয়ে হেঁটে যাচ্ছেন—এমন একটি ছবি ফেসবুকে ভাইরাল হয়েছে। এ ছাড়া জামালপুরের মেলান্দহে শিশু শিক্ষার্থীদের ওপর দিয়ে বিদ্যালয়ের জমিদাতার হেঁটে যাওয়ার ঘটনায় জেলা ও উপজেলা প্রশাসন পৃথক দুটি তদন্ত কমিটি গঠন করেছে। চাঁদপুরের ঘটনায় উপজেলা চেয়ারম্যানসহ পাঁচজনকে আসামি করে থানায় মামলা হয়েছে।

**মানবসেতুতে মনোহরদীর ইউএনও**

বাংলা বর্ষবরণ উপলক্ষে উপজেলা প্রশাসনের উদ্যোগে মনোহরদী ডিগ্রি কলেজ মাঠে তিন দিনব্যাপী বৈশাখী মেলার আয়োজন করা হয়। মেলায় পার্শ্ববর্তী কাপাসিয়ার একটি লাঠি খেলার দল তাদের নৈপুণ্য প্রদর্শন করে। খেলার একপর্যায়ে খেলোয়াড়রা একটি মানবসেতু তৈরি করে। মানবসেতুর ওপর দাঁড়িয়ে সালাম গ্রহণ করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা শহিদ উল্লাহ। পরে তিনি মানবসেতু দিয়ে হেঁটে নিচে নামেন। তাঁর হেঁটে যাওয়ার ছবি গত বুধবার রাতে ফেসবুকে ভাইরাল হয়ে যায়।

ছবিতে দেখা যায়, লাঠি খেলার দলের খেলোয়াড়রা একে অপরের ওপর চিত হয়ে শুয়ে মানবসেতু নির্মাণ করে। দুই হাতে খেলার উপকরণ লাঠি ধরে রাখে। ইউএনও শহিদ উল্লাহ খেলোয়াড়দের বুকের ওপর দিয়ে হেঁটে যাচ্ছেন। চারদিক থেকে বিপুলসংখ্যক দর্শনার্থী দৃশ্যটি দেখছে।

ঘটনা স্বীকার করে মনোহরদী উপজেলা নির্বাহী কর্মকর্তা শহিদ উল্লাহ বলেন, 'মানবসেতু খেলার একটি অংশ। খেলোয়াড়দের অনুরোধে আমি তাদের ওপর উঠে সালাম গ্রহণ করি। তাদের চাহিদামতেই এটি করা হয়েছে এবং তাদের আড়াই হাজার টাকা সেলামি দেওয়া হয়েছে।' বিষয়টি অমানবিক ও দৃষ্টিকটু কি না জানতে চাইলে তিনি বলেন, 'তারা শিক্ষার্থী নয়। সবাই পূর্ণবয়স্ক মানুষ। তাদের আবদার রক্ষায় আমি এটি করেছি। তবে যেহেতু বিষয়টি নিয়ে প্রশ্ন উঠেছে, ভবিষ্যতে আমি এ বিষয়ে সতর্ক থাকব।'

**শিক্ষার্থীদের মানবসেতুতে বিদ্যালয়ের জমিদাতা**

জামালপুরের মেলান্দহ উপজেলায় শিশু শিক্ষার্থীদের ওপর দিয়ে বিদ্যালয়ের জমিদাতার হেঁটে যাওয়ার ঘটনায় জেলা ও উপজেলা প্রশাসন পৃথক দুটি তদন্ত কমিটি গঠন করেছে। গতকাল বৃহস্পতিবার সকাল থেকে দুটি তদন্ত কমিটির সদস্যরা কাজ শুরু করেছেন।

মেলান্দহের মাহমুদপুর বহুমুখী উচ্চ বিদ্যালয়ের শিক্ষক আব্দুল লতিফ এবং এসএসসি পরীক্ষার্থীদের যৌথ বিদায় অনুষ্ঠান ছিল ২৯ জানুয়ারি। অনুষ্ঠান উপলক্ষে বিদ্যালয়ের স্কাউট দল শিক্ষার্থীদের দিয়ে একটি মানবসেতু নির্মাণ করে। ওই মানবসেতুর ওপর দিয়ে হেঁটে যান অনুষ্ঠানের অতিথি এবং বিদ্যালয়ের জমিদাতা দিলদার হুসেন প্রিন্স। এ সময় ওই দৃশ্য দাঁড়িয়ে উপভোগ করার পাশাপাশি তাঁকে হেঁটে যেতে সাহায্য করেন একই বিদ্যালয়ের শরীরচর্চা শিক্ষক হাফিজুর রহমান। ঘটনাটি স্থানীয়দের মধ্যে মিশ্র প্রতিক্রিয়ার সৃষ্টি করে। বুধবার সন্ধ্যা থেকে ছবিটি সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে ছড়িয়ে পড়ে।



জামালপুরের মেলান্দহে মাহমুদপুর বহুমুখী উচ্চ বিদ্যালয়ে ছাত্রদের পিঠের ওপর দিয়ে হাঁটছেন দিলদার হুসেন প্রিন্স। ছবি : কালের কণ্ঠ

এ ব্যাপারে মাহমুদপুর বহুমুখী উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. আসালত জামান জানান, ২৯ জানুয়ারি বিদ্যালয়ে দুটি অনুষ্ঠান একসঙ্গে চলছিল। তাই এ ধরনের কোনো ঘটনা ঘটেছে কি না তা তাঁর জানা নেই। তবে স্কাউট সদস্যরা সেদিন তাদের বিভিন্ন শারীরিক কসরত উপস্থাপন করে। সেটার অংশ হিসেবে তাদের তৈরি করা মানবসেতুর ওপর দিয়ে দিলদার হুসেন প্রিন্স হেঁটে গেলেও তাঁর নজরে আসেনি।

জামালপুরের জেলা প্রশাসক মো. শাহাবুদ্দিন খান জানান, এ ঘটনায় গতকাল অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট মো. মনিরুজ্জামানকে প্রধান করে তিন সদস্যের তদন্ত কমিটি গঠন করা হয়েছে। তদন্ত কমিটির অপর দুই সদস্য হলেন জেলা শিক্ষা কর্মকর্তা মোখলেছুর রহমান ও সমাজসেবক আতিকুর রহমান ছানা। তদন্ত কমিটি তিন দিনের মধ্যে রিপোর্ট প্রদান করবে। রিপোর্ট পাওয়ার পর আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

মেলান্দহ উপজেলা নির্বাহী কর্মকর্তা জন কেনেডি জাম্বিল জানান, এই ঘটনায় উপজেলা প্রশাসনের পক্ষ থেকেও তিন সদস্যের তদন্ত কমিটি গঠন করা হয়েছে। সর্বশেষ গত রাতে তিনজনকে আসামি করে মামলা হয়েছে।

**চাঁদপুরে মামলা**

চাঁদপুরের হাইমচরে বিদ্যালয়ের বার্ষিক ক্রীড়া অনুষ্ঠানে মানবসেতু দিয়ে হেঁটে যাওয়ার ঘটনায় উপজেলা পরিষদের চেয়ারম্যান নুর হোসেন পাটোয়ারীসহ পাঁচজনের বিরুদ্ধে থানায় মামলা করা হয়েছে। বিদ্যালয়ের নবম শ্রেণির এক ছাত্রের বাবা বাদী হয়ে গতকাল সকালে এই মামলা করেন। ওসি সৈয়দ মাহবুবুর রহমান জানিয়েছেন, এই ঘটনায় অভিযুক্তদের আটকের চেষ্টা চলছে। তবে ওই দিনের ঘটনায় যারা অংশ নিয়েছে তারা সংবাদ সম্মেলনে বলেছে, এটি এলাকার একটি প্রথা। এতে অমর্যাদাকর কিছুই ঘটেনি।

গত ৩০ জানুয়ারি নীলকমল ওসমানিয়া উচ্চ বিদ্যালয়ে বার্ষিক ক্রীড়া অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন উপজেলা পরিষদ চেয়ারম্যান নুর হোসেন পাটোয়ারী। সেখানে বিভিন্ন ইভেন্ট শেষে ছাত্ররা মানবসেতু তৈরি করে। আর তার ওপর দিয়ে হেঁটে যান ওই চেয়ারম্যান। মামলা সম্পর্কে থানার ওসি সৈয়দ মাহবুবুর রহমান জানান, ২০১৩ সালের শিশু নির্যাতন আইনের ৭০ ধারায় করা মামলার বাদী হয়েছেন নবম শ্রেণির ছাত্র মো. ফয়সালের বাবা আব্দুল কাদের গাজী। উপজেলা পরিষদের চেয়ারম্যান নুর হোসেন পাটোয়ারীকে এতে প্রধান আসামি করা হয়েছে। অভিযুক্ত অন্যরা হচ্ছেন বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটির সভাপতি হুমায়ুন কবির পাটোয়ারী, প্রধান শিক্ষক মোশাররফ হোসেন, কমিটির সদস্য আবুল বাশার ও মুনসুর পাটোয়ারী। ওসি আরো বলেন, আসামিদের গ্রেপ্তারের চেষ্টা চলছে।

**কাউখালীতে শিশুদের অন্য রকম প্রতিবাদ**

আঞ্চলিক প্রতিনিধি, পিরোজপুর জানান, শিশু শিক্ষার্থীদের দিয়ে মানবসেতু বানিয়ে হাস্যোজ্জ্বল মুখে এর ওপর দিয়ে হেঁটে যাওয়া নির্মম ও নিষ্ঠুর আচরণ। পিরোজপুরের কাউখালীতে সরকারি কেজি ইউনিয়ন উচ্চ বিদ্যালয়ের শিক্ষার্থীরা গতকাল স্কুলের মাঠে শুয়ে দুই হাত ওপরে তুলে প্রতিবাদ জানিয়ে এমন মন্তব্য করেছে।